

জাতীয়

মিরপুরে উচ্ছেদ অভিযান ঘিরে হোপ মার্কেটে আগুন

প্রতিবেদক: নিজস্ব প্রতিবেদক

প্রকাশের তারিখ: বুধবার, ৩০ সেপ্টেম্বর ২০২৬, ১২:৩৯ PM



রাজধানীর মিরপুর-১০ নম্বরে ফুটপাথ উচ্ছেদ অভিযান চলার সময় হোপ মার্কেটে আগুন লাগার ঘটনা ঘটেছে। আজ বুধবার সকাল সাড়ে ১০টার দিকে এ ঘটনা ঘটে।

প্রাথমিকভাবে বৈদ্যুতিক শর্ট সার্কিট থেকে আগুনের সূত্রপাত হয়েছে বলে ধারণা করা হচ্ছে।

আগুন লাগার পর ক্ষুব্ধ হয়ে ওঠেন হকার ও ফুটপাথের ব্যবসায়ীরা। একপর্যায়ে তাঁরা সিটি করপোরেশনের একটি গাড়িতে আগুন ধরিয়ে দেন।

পরিস্থিতি নিয়ন্ত্রণে মিরপুর-১০ থেকে ১৪ নম্বরের দিকে সড়ক বন্ধ করে দেয় পুলিশ।

পরে হকারদের সঙ্গে পুলিশের ধাওয়া-পাল্টাধাওয়া শুরু হয়। একপর্যায়ে উত্তেজিত জনতা পুলিশের গাড়ি লক্ষ্য করে ইটপাটকেল নিক্ষেপ

করে। এতে পুলিশের একটি গাড়ি ভাঙচুরের ঘটনাও ঘটে।


ফায়ার সার্ভিস জানায়, আগুনের খবর পেয়ে তাদের কর্মীরা ঘটনাস্থলে পৌঁছান। তবে উত্তেজিত জনতা তাঁদের আগুন নেভানোর কাজ শুরু করতে দেয়নি।

এ ঘটনায় মিরপুর-১০ নম্বরসহ আশপাশের এলাকায় উত্তেজনাকর পরিস্থিতি বিরাজ করছে।

এ বিভাগের আরও খবর



গাজীপুরে গার্মেন্টসে আগুন: আটকেপড়া ৬৯ জনকে অসুস্থ অবস্থায় উদ্ধার
গাজীপুরের ডেগির চালা এলাকায় একটি তৈরি পোশাক কারখানায় লাগা আগুনে কারখানার ভেতরে আটকেপড়া ৬৯ জনকে অসুস্থ অবস্থায় উদ্ধার করেছে ফায়ার সার্ভিস। আ...



হাসিনাকে আশ্রয় দেওয়া ছাড়া ভারতের বিকল্প ছিল না: ভারতীয় হাইকমিশনার
২০২৪ সালের ৫ আগস্ট শেষ হাসিনাকে ভারতে আশ্রয় দেওয়া ছাড়া ভারতের হাতে তেমন কোনো বিকল্প ছিল না বলে মন্তব্য করেছেন ঢাকায় নিযুক্ত ভারতের হাইকমিশনার...



কঠোর নিরাপত্তায় রূপপুরে পৌঁছাল প্রথম ইউরেনিয়ামের চালান
কঠোর নিরাপত্তার মধ্য দিয়ে রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রে পৌঁছেছে ইউরেনিয়ামবাহী গাড়িবহর। আজ শনিবার (৩ অক্টোবর) দুপুর সাড়ে ১২টার দিকে গাড়িবহর...



চট্টগ্রাম বন্দরে ১৫০ টন বিপজ্জনক কেমিক্যাল ধ্বংস শুরু
চট্টগ্রাম বন্দরের নিরাপত্তা নিশ্চিত করা এবং কনটেইনার জট কমাতে দীর্ঘদিন পড়ে থাকা বিপজ্জনক কেমিক্যাল ধ্বংসের কার্যক্রম শুরু হয়েছে। এসব কেমিক্যাল...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/national/mirpure-uchchhed-obhijan-ghire-hop-markete-agun>